লিপি
পোর্ট ব্লেয়ার • শুক্রবার, ৩১ আগস্ট, ২০১৮
Port Blair • Friday • August 31, 2018
Arthik Lipi, Page 2

# হাওড়ায় শিল্প কাঠামো ফিরিয়ে আনতে রাজ্য সরকারের উদ্যোগ

**নিজস্ব সংবাদদাতা, হাওড়া :** হাওড়ার শিল্প পরিকাঠামোকে নতুন করে ফিরিয়ে আনতে উদ্যোগী হল রাজ্য। এই উদ্দেশ্যে হাওড়ার দাশনগরের শিল্পতালুকের উন্নয়নের জন্য ৮ কোটি টাকা অনুমোদন করেছে রাজ্য সরকার। এই অনুদানের টাকায় এখানকার রাস্তাঘাট, আলো থেকে শুরু করে শিল্পের উপযুক্ত পরিবেশ, পরিকাঠামো গড়ে তুলতে যে পরিবর্তনের প্রয়োজন তা করা হবে। বুধবার হাওড়ার দাশনগরের সিটিআই'তে হাওড়া ইন্ডাস্ট্রিয়াল এস্টেট ইন্ডাস্ট্রিসের এক অনুষ্ঠানের এসে একথাই বলেন রাজ্যে সমবায় মন্ত্রী অরূপ রায়। এদিন তিনি বলেন, 'ডাঃ বিধানচন্দ্র রায় রাজ্যের শিল্পের উন্নয়নের জন্য অনেক কাজ করে গিয়েছেন। এরপর ৩৪ বছরের বাম শাসনে সেই শিল্প একের পর ধ্বংস হয়েছে। বর্তমান তৃণমূল কংগ্রেস পরিচালিত সরকার শিল্পের সেই হৃতগৌরব ফিরিয়ে আনছে।' তিনি আরও বলেন, 'দাশনগরের এই শিল্পতালুক একসময় ধ্বংসের মুখে পড়েছিল। সমাজবিরোধীদের আখড়া হয়ে উঠেছিল এই অঞ্চল। বর্তমানে পুনরায় এখানে শিল্পের পরিবেশ ফিরে এসেছে। শান্তি ফিরে এসেছে। এখানে পরিকাঠামোগত উন্নয়নের জন্য আট কোটি টাকা রাজ্য সরকার অনুমোদন করেছে'। এদিকে, যার হাত ধরে একদা হাওড়ার দাশনগর সিটিআই-তে ইন্ডাস্ট্রিয়াল এস্টেট গড়ে উঠেছিল, সেই মহান পুরুষ বাংলার রূপকার ডাঃ বিধানচন্দ্র রায়কে সম্মান জানিয়ে তাঁর মূর্তির আবরণ উন্মোচন করা হল। বুধবার সকালে ওই অনষ্ঠানের মধ্যে দিয়ে ডাঃ বিধানচন্দ্র রায়কে শ্রদ্ধা জানান হাওড়া ইন্ডাস্ট্রিয়াল এস্টেট ইন্ডাস্ট্রিজ ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন কর্তৃপক্ষ। মূর্তি উন্মোচনের এদিন হাসাপাতালে রোগীদের মধ্যে ফল বিরতণ করা হয়।

এর পাশাপাশি তিনি বলেছেন, 'রাজ্যের তন্তুশ্রী, তন্তুজ একসময় রুগ্ন ছিল। আমরা এই সংস্থার হাল ফিরিয়ে এনেছি।' সমবায় দফতরের সঙ্গে এই সংস্থার সরাসরি যুক্ত। সকলের চেষ্টায় এখন এই সংস্থাগুলির অনেক উন্নতি ঘটেছে বলে দাবি মন্ত্রীর।

## সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | 6 | | | | | | |
| | 2 | 1 | 3 | 7 | | | | |
| | 8 | | | 4 | | | 3 | |
| 5 | 1 | | 7 | | 2 | | | 9 |
| | 4 | 8 | | | | 5 | 2 | |
| 9 | | | 4 | | 8 | | 6 | 1 |
| | 3 | | | 1 | | | 7 | |
| | | | | 2 | 3 | 8 | 9 | |
| | | | | | | 6 | | |

### গতকালের সমাধান

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| 5 | 3 | 6 | 1 | 8 | 7 | 2 | 9 | 4 |
| 9 | 4 | 8 | 3 | 5 | 2 | 7 | 1 | 6 |
| 2 | 7 | 1 | 6 | 9 | 4 | 3 | 5 | 8 |
| 7 | 2 | 5 | 9 | 4 | 1 | 6 | 8 | 3 |
| 1 | 9 | 3 | 8 | 2 | 6 | 5 | 4 | 7 |
| 8 | 6 | 4 | 5 | 7 | 3 | 9 | 2 | 1 |
| 3 | 1 | 2 | 4 | 6 | 9 | 8 | 7 | 5 |
| 4 | 5 | 7 | 2 | 3 | 8 | 1 | 6 | 9 |
| 6 | 8 | 9 | 7 | 1 | 5 | 4 | 3 | 2 |

### আবহাওয়া

**পূর্বাভাস:** শনিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩১ ডি গ্রি ও ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** শুক্রবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩২ ডিগ্রি ও ২৬ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৮৮ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৫।১৮, **সূর্যাস্ত:** ঘ ৫:৫৪ **জোয়ার:** ভোর :৪:৫০। **ভাঁটা:** সকাল : ১১:৪৯।

### — সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

### সোনা-রুপোর বাজার দর

| | টাকা |
|---|---|
| পাকা সোনা (১০গ্রাম): | ৩০,৬৩০ |
| গহনা সোনা (১০গ্রাম): | ২৯,০৬০ |
| হলমার্কগহনা: (২২ ক্যারেট ১০ গ্রাম): | ২৯,৫০০ |
| রুপোর বাট (প্রতি কেজি): | ৩৮,৫০০ |
| খুচরো রুপো (প্রতি কেজি): | ৩৮,৬০০ |

সৌজন্যে: পশ্চিমবঙ্গ বুলিয়ান মার্চেন্টস অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশন বাজার দর (মূল্যযুক্ত কর আলাদা)।

### বিজ্ঞপ্তি

*এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায় না।*

*- সম্পাদক*

### শেয়ার সূচক

| | | | |
|---|---|---|---|
| BSE | 38,690.10 | ▼ | (-32.83) |
| NIFTY | 11,676.80 | ▼ | (-15.10) |

### শব্দলিপি- ১২৯৭

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | | ২ | ■ | ৩ | | ৪ | ■ |
| | ■ | | ■ | | ■ | | ■ |
| ৫ | ৬ | | ■ | | ■ | | ■ |
| ■ | | ■ | ৭ | | | | |
| ৮ | | | | | ■ | | ■ |
| ■ | | ■ | | ■ | ৯ | | ১০ |
| ■ | | ■ | | ■ | | ■ | |
| ■ | ১১ | | | ■ | ১২ | | |

রিমঝিম দাশ

**পাশাপাশি ঃ** ১। ভয় কৃপাণ ৩। দেবরাজ ইন্দ্র ৫। রামায়ণোক্ত পক্ষী ৭। একত্রে মরণ ৮। বায়ু বা তরল পদার্থের সাহায্যে ঘোরা ইঞ্জিন ৯। মনোরম ১১। সজ্জিত খাদ্যদ্রব্য ১২। বিচলিত

**উপরনীচ ঃ** ১। করদ জমি ২। মুমূর্ষু ৩। মহাদেব ৪। আপশোস করা ৬। অতি ধনাঢ্য ব্যক্তি ৭। স্বাক্ষরাদি ৯। বলতে ইচ্ছুক ১০। প্রিয়জন

**সমাধান ঃ শব্দলিপি - ১২৯৬**

**পাশাপাশি ঃ** ১। হালকা ৫। রণপা ৬। রবরবা ৭। জাবাল ৯। বরজ ১০। নটবর ১২। কর্তব ১৩। রভস

**উপরনীচ ঃ** ১। হাবিব ২। কালোবাজার ৩। করতাল ৪। চাপানউতোর ৬। রকমসকম ৮। বাজনদার ৯। বজবজ ১১। বৎস

# ব্যাঙ্ক কর্মীর ক্ষতবিক্ষত বস্তাবন্দি দেহ উদ্ধার, হাওড়ার ডোমজুড়ে চাঞ্চল্য

**নিজস্ব সংবাদদাতা, হাওড়া :** লুঠ করে খুন, নাকি পূর্ব পরিকল্পিত খুন? এক ব্যাঙ্ক কর্মীকে নৃশংস খুন ও প্রায় তিন লক্ষাধিক টাকা উধাও করে নেওয়ার ঘটনায় একাধিক প্রশ্ন উঠে আসছে। ঘটনাটি ঘটেছে হাওড়া ডোমজুড় এলাকায়। মৃতের নাম পার্থ চক্রবর্তী। বাড়ি চাকদায় বলে জানা গিয়েছে। জানা গিয়েছে, হাওড়ার ডোমজুড় থানার সলপ এলাকার বন্ধন ব্যাঙ্কে লোন রিকভারির কাজ করতেন পার্থ। বিভিন্ন এলাকায় ঘুরে সাপ্তাহিক লোনের টাকা তুলে আনতেন। বুধবার বিকেলে ডোমজুড় এলাকা থেকেই হাত পা কাটা বস্তাবন্দি দেহ উদ্ধার হয়।

কী কারণে এমন ভয়ংকর ভাবে খুন করা হল তদন্ত করে দেখছে পুলিশ। তবে খুনের সঙ্গে পূর্ব পরিচিত কেউ জড়িত থাকতে পারে বলে প্রাথমিক অনুমান। শরীরে বেশ কিছু জায়গা থেকে মাংস ছিঁড়ে নেওয়া হয়েছে। শরীরে থাকা তিলও ধারালো অস্ত্রে তুলে নেওয়ার চেষ্টা হয়েছে। ঋন শোধের কারণে কোনও বিবাদের সূত্রপাত! যে কারণে মৃতদেহ কে ক্ষত বিক্ষত করা হয়ে থাকতে পারে। তবে লুঠের পর খুনের মোটিভ বদলাতে শরীরের বিভিন্ন স্থানে আঘাত করা হয়েছে। পুরোটাই তদন্তসাপেক্ষ বলে জানানো হয়েছে। স্থানীয় সূত্রে খবর, হাওড়ার ডোমজুড় মালদহের রঘুদেববাটির নাককাটা ঠাকুরতলা এলাকার রাস্তার ধারে দীর্ঘক্ষণ একটি বস্তা পড়ে থাকতে দেখে সন্দেহ হয় এলাকাবাসীর। বস্তা খুলতেই দেহ বেরিয়ে আসে। ডোমজুড় থানার পুলিশ এসে মৃতদেহ সহ বস্তা উদ্ধার করে নিয়ে যায়। দেহ তদন্তের জন্য পাঠানো হয়। এ খবর চাউর হতেই চাঞ্চল্য ছড়ায়। অন্য কোথাও খুন করে বস্তায় করে এখানে ফেলে যেতে পারে এমনটাও হতে পারে। এ দিন ওই ব্যাঙ্ক সূত্রে জানা গেছে, যেহেতু পার্থ লোন রিকভারের কাজ করে। ওর কাছে অনেক টাকা থাকতে পারে।

সেই সমস্ত টাকাও গায়েব। পুলিশি তদন্তে সমস্তটা উঠে আসবে বলেই মত প্রকাশ করেন। অপরদিকে আরও প্রশ্ন, এই খুন পূর্ব পরিকল্পিতও হতে পারে। বুধবার তার মোট পাঁচ জায়গা থেকে টাকা তোলার কথা ছিল। কিন্তু চার জায়গায় টাকা তোলার পর পঞ্চম জায়গা থেকে টাকা তুলতে যাওয়ার আগেই ঘটনাটি ঘটেছে। সিসিটিভি ফুটেজে দেখা গিয়েছে, একটি মেয়ে তাঁর সঙ্গে কথা বলছে। তারপর পার্থ যে রাস্তা দিয়ে যাবার কথা সেই রাস্তা দিয়ে না গিয়ে অন্য রাস্তায় ঢুকে যাচ্ছে। এই প্রতিবেদনটি লেখা পর্যন্ত পার্থর মুণ্ডু ও একটি পা পাওয়া যায়নি। প্রথমে মাকড়দহ থেকে তার শুধু বুকের অংশটি পাওয়া গিয়েছিল। বস্তায় জরির কাপরের মধ্যে দেহটি জড়নো ছিল। মৃতের বাড়ির লোকেরা মনে করে এই ঘটনার সঙ্গে ব্যাঙ্ক কর্মীদের যোগসাজশ থাকতে পারে। তবে ব্যাঙ্ক কর্মীরা জানিয়েছে, ঘটনার পূর্ণ তদন্ত হোক। দোষীদের শাস্তি হোক।

পাশাপাশি তাঁরা এও জানিয়েছেন, এই ঘটনার সঙ্গে ব্যাঙ্ক কর্মীদের কোনও যোগসাজশ নেই। পুরো ঘটনার তদন্ত করেছে পুলিশ।

হাওড়া জেলা গ্রন্থাগার দিবসের উদ্বোধন করছেন মন্ত্রী অরূপ রায় ও রাজীব ব্যানার্জি।

# বান্ধবীকে কটূক্তির প্রতিবাদ, যুবতীর পাঞ্চে ঘায়েল ইভটিজার

**নিজস্ব সংবাদদাতা, শান্তিনিকেতন :** দীর্ঘদিন ধরে বান্ধবীকে নানাভাবে উত্ত্যক্ত করত কয়েকজন যুবক। বাইরে বেরনোটা সমস্যা হয়ে দাঁড়িয়েছিল সোমা ভট্টাচার্যর (নাম পরিবর্তিত)। একথা সে জানিয়েছিল বান্ধবী পারমিতা ভট্টাচার্যকে। আর তার ফল পাওয়া গেল হাতেনাতে। ক্যারাটের পাঞ্চে ইভটিজারদের ঘায়েল করল পারমিতা। এরপর অভিযোগ জানায় শান্তিনিকেতন থানায়।

শান্তিনিকেতন থানার প্রান্তিকের বাসিন্দা সোমা। বোলপুরের মকরমপুরে পড়তে যেত সে। অভিযোগ, দীর্ঘদিন ধরে বাইকে এসে কয়েকজন যুবক তাকে উত্ত্যক্ত করত। একথা সে পারমিতাকে জানায়। শান্তিনিকেতনের গোয়ালপাড়ার বাসিন্দা পারমিতা গত চার বছর ধরে ক্যারাটের প্রশিক্ষণ নিচ্ছে। জিতেছে গ্রিন বেল্টও। ইভনিটিজারদের শায়েস্তা করতে একদিন সোমার সঙ্গে টিউশনে যায় পারমিতা। সেই সময়, শান্তিনিকেতন থানার প্রান্তিক ক্যানাল সেতুর কাছে বাইকে এক যুবক সোমাকে উত্ত্যক্ত করতে থাকে। তার ওড়না ধরেও টানতে থাকে। সঙ্গে সঙ্গে বেশ কয়েকটি জোরালো পাঞ্চে ওই যুবককে ঘায়েল করে পারমিতা। কোনও মতে সেখান থেকে পালিয়ে যায় ওই যুবক। পরে পারমিতা ও সোমা শান্তিনিকেতন থানায় গিয়ে অভিযোগ দায়ের করে।

পারমিতা বলে, 'আমার বান্ধবীকে প্রায়দিনই কটূক্তি করত। তাই আমি ওর সঙ্গে গিয়েছিলাম। কয়েকটা পাঞ্চ মারতেই মাটিতে লুটিয়ে পড়ে। পালিয়ে যায়। মেয়েদের নিজেদের নিরাপত্তার জন্য ক্যারাটে শেখা খুব দরকার।'

# বৃহস্পতিবারও থমথমে আমডাঙা, উদ্ধার তাজা বোমা

**নিজস্ব সংবাদদাতা, আমডাঙা :** প্রায় দু'দিন পার হয়ে গেছে। এখনও পরিস্থিতির খুব একটা উন্নতি হয়নি। থমথমে আমডাঙায় টহল দিচ্ছে পুলিশ। আর বৃহস্পতিবার সকালেই বহিসগাছি এলাকায় এক সিপিএম সমর্থককে বাড়ি থেকে উদ্ধার হয়েছে এক ড্রাম তাজা বোমা। বোর্ড গঠনকে কেন্দ্র করে মঙ্গলবার উত্তপ্ত হয়ে উঠেছিল আমডাঙা। বুধবার বোর্ড গঠন ছিল তাড়াবেড়িয়া গ্রাম পঞ্চায়েতে। এই পঞ্চায়েতে মোট ১৯টি আসন। তারমধ্যে তৃণমূল ৯টি, সিপিএম ৭টি, বিজেপি, কংগ্রেস ও নির্দল একটি করে আসন পেয়েছে। কে বোর্ড গঠন করবে তা নিয়ে মঙ্গলবার সকাল থেকে তৃণমূল ও সিপিএমের মধ্যে সংঘর্ষ শুরু হয়। উত্তপ্ত হয়ে ওঠে মরিচা, বোদাই এলাকা। রাতে তা আরও চরম আকার ধারণ করে। চলে গুলি, বোমাবাজি। ২ তৃণমূল কর্মী ও এক সিপিএম কর্মীর মৃত্যু হয়। আহত হন অনেকে। পুলিশ যাতে এলাকায় ঢুকতে না পারে তারজন্য রাস্তা কেটে দেওয়া হয়। ঘটনায় আমডাঙা থানার আইসি মানস দাসের বিরুদ্ধে পক্ষপাতিত্বের অভিযোগ তুলেছিল তৃণমূল। তারপর রাতারাতি তাঁকে বদলি করা হয়। মানস দাসের জায়গায় আনা হয় তুষার বিশ্বাসকে। পাশাপাশি অনির্দিষ্টকালের জন্য স্থগিত করে দেওয়া হয় বোর্ড গঠন।এলাকায় নতুন করে যাতে কোনও অশান্তি না ছড়ায় তারজন্য শুধু স্থলেই নয়, জলপথেও টহল দিচ্ছে পুলিশ। কিন্তু, এসবের পরও স্বাভাবিক হয়নি আমডাঙা। বৃহস্পতিবারও সিপিএম সমর্থক আব্দুল লতিফের বাড়ি থেকে উদ্ধার হয়েছে এক ড্রাম তাজা বোমা।

শিল্পী যামিনী রায়ের পেন্টিং প্রদর্শনী শুরু হয়েছে গগনেন্দ্র প্রদর্শশালায়।

# চলন্ত বাসে ছাত্রীকে ছুরির কোপ

**নিজস্ব সংবাদদাতা, হাওড়া :** চলন্ত বাসে কলেজ ছাত্রীকে ছুরি মেরে চম্পট দিল দুষ্কৃতী। গভীর ক্ষত নিয়ে হাওড়া জেলা হাসপাতালে চিকিৎসাধীন। আতঙ্কিত পথচলতি মানুষ। ঘটনা হাওড়া ব্রিজ সংলগ্ন কলকাতা বাস চ্যানেলের। প্রতিদিনের মতো বৃহস্পতিবার সকালে মুর্শিদাবাদের কলকাতা আর্ট কলেজের তৃতীয় বর্ষের ছাত্রী সুচিস্মিতা দাস। শ্রীরামপুরের মাসির বাড়ি থেকে হাওড়া এসে হাওড়া ময়দান-পার্ক স্ট্রিট রুটের বাসে করে কলেজ যাবার সময় মোটর বাইকে করে এক দুষ্কৃতী তার বা হাতে ধারালো অস্ত্র দিয়ে আঘাত করে চম্পট দেয়। রক্তাক্ত অবস্থায় তাকে উদ্ধার করে।

# অসামাজিক কাজকর্মের প্রতিবাদ করায় ছেলের হাতে খুন বাবা

**নিজস্ব সংবাদদাতা, মুর্শিদাবাদ :** বিভিন্ন অসামাজিক কাজকর্মে জড়িত ছিল ছেলে। আর তাকে সঠিক পথে আনার জন্য শাসন করেছিলেন বাবা। প্রতিবাদ করেছিলেন ছেলে অসামাজিক কাজকর্মের। সেই প্রতিবাদই কাল হল। মাথায় কাঠ দিয়ে আঘাত করে বাবাকে খুন করল ছেলে। ঘটনার পর থেকে পলাতক অভিযুক্ত ইস্তাক শেখ। গতরাতে মদ্যপান করে বাড়ি ফেরে ইস্তাক। বাড়ি ফিরে পরিবারের সদস্যদের সঙ্গে ঝামেলা শুরু করে। ছেলের এই কাজের প্রতিবাদ করে বাবা জম্বু শেখ। এই কাজের জন্য ছেলেকে বকাবকিও করেন। এরপর বাড়ি উঠোনে থাকা একটি কাঠ দিয়ে সজোরে জম্বু শেখের মাথায় আঘাত করে ইস্তাক। স্থানীয়রা তাঁকে উদ্ধার করে ভরতপুর গ্রামীণ হাসপাতালে নিয়ে যায়। সেখানে তাঁকে মৃত বলে ঘোষণা করা হয়।

স্থানীয়রা বলেন, ইস্তাক চরিত্রহীন। একাধিক অসামাজিক কাজকর্মের সঙ্গে জড়িত। তাকে এলাকার কেউ ভালো চোখে দেখত না। ছেলেকে ঠিক করার জন্য বিভিন্ন সময় চেষ্টা করেছে তার বাবা। সেই কারণেই তাঁর মৃত্যু হল।

# যুবককে গুলি করে বাইক নিয়ে চম্পট দুষ্কৃতীদের

**নিজস্ব সংবাদদাতা, হাওড়া :** বাড়ি ফেরার সময় এক যুবককে গুলি করল দুষ্কৃতীরা। গুরুতর জখম ওই যুবকের নাম সুব্রত জানা (৩০)। ঘটনাটি ঘটেছে বুধবার রাতে আমতা-বাগনান রোডে।

বাগনান থানা এলাকার আগুনসি বেলতলার বাসিন্দা সুব্রত আমতার জয়পুর থানা এলাকার ধাইপুর এলাকায় একটি ইমারতিদ্রব্যের দোকানে ম্যানেজার হিসাবে কাজ করেন। বুধবার রাতে তিনি যখন বাইকে চেপে বাড়ি ফিরছিলেন, সেই সময় আমতা-বাগনান রোডে তাঁকে লক্ষ্য করে গুলি চালায় দুষ্কৃতীরা। দুষ্কৃতীরা বাইকে চেপে এসেছিল। সুব্রতর কাঁধে ও হাতে গুলি লাগে। জখম হয়ে সুব্রত বাইক থেকে রাস্তায় পড়ে যান। দুষ্কৃতীরা তখন তাঁর বাইকটি নিয়ে পালিয়ে যায়। ঘটনাস্থলে পৌঁছে আমতা থানার পুলিশ সুব্রতকে উদ্ধার করে আমতা হাসপাতালে নিয়ে যায়। কিন্তু আঘাত গুরুতর হওয়ায় চিকিৎসকরা তাঁকে কলকাতার এসএসকেএম হাসপাতালে স্থানান্তরিত করে। ব্যক্তিগত শত্রুতা নাকি অন্য কোনও কারণের জেরে এই হামলা, তা তদন্ত করে দেখতে আমতা থানার পুলিশ।

# সোদপুরে বাইক আরোহীকে পিষে দিল লরি

**নিজস্ব সংবাদদাতা, সোদপুর :** পথদুর্ঘটনায় মৃত্যু হল এক বাইক আরোহীর। নাম সম্রাট মালাকার (৩৪)। দুর্ঘটনাটি ঘটেছে উত্তর ২৪ পরগনার সোদপুরে। বুধবার রাতে বিটি রোড দিয়ে যাওয়ার সময় একটি লরি তাঁকে পিষে দেয়। ঘটনাস্থলেই তাঁর মৃত্যু হয়। খড়দা থানার পুলিশ এসে মৃতদের উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে।

বীরভূমের সিউড়ির বাসিন্দা ছিলেন সম্রাট মালাকার। পোলট্রি ফার্মের ব্যবসা করতেন। ব্যবসার সূত্রেই সোদপুরের একটি ফ্ল্যাটে থাকতেন তিনি। বুধবার গভীর রাতে ব্যবসার কাজেই বিটি রোড গিয়ে খড়দা থেকে সোদপুরের দিকে যাচ্ছিলেন।

সোদপুর গির্জার কাছাকাছি আসার পরই নিয়ন্ত্রণ হারান তিনি। সেই সময় পিছন থেকে একটি পণ্যবোঝাই লরি। তাঁকে পিষে দিয়ে চলে যায়। হেলমেট থাকলেও শেষরক্ষা হয়নি। ঘটনাস্থলেই মৃত্যু হয় তাঁর। লরি নিয়ে পালিয়ে যায় চালক। সিসিটিভি ফুটেজ দেখে লরিচালকের খোঁজ চালাচ্ছে খড়দা থানার পুলিশ।

# মোমোর আতঙ্কে দুটি পরিবার



**নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ :** কলকাতা শহর ছাড়িয়ে এবার মোমোর আতঙ্ক দক্ষিণ ২৪ পরগনায়। প্রথম কী হচ্ছে মগরাহাটের আমড়াতলা গ্রামের প্রবীর মণ্ডলের কাছে মঙ্গলবার সন্ধে নাগাদ একটি মেসেজ ঢোকে, সেই মেসেজে লেখা আছে, আই অ্যাম মোমো। পরপর মেসেজে বলা হয় তুমি এখুনি ছাদ থেকে ঝাঁপ দাও নইলে তোমার সমস্ত এ্যাকাউন্ট হ্যাক করে নেওয়া হবে। প্রবীর সঙ্গে সঙ্গে মেসেজটি ডিলিট করে দেয়। এরপর প্রবীর তার মাকে ঘটনা জানায়। প্রবীরের মাও আতঙ্কিত হয়ে পড়েন। প্রবীর আরও জানায় মোবাইলে ইউটিউব দেখার সময়ই মেসেজটি ঢুকতে থাকে। অপরদিকে বুধবার সকালে ডায়মন্ডহারবার থানায় নারায়ণপুর গ্রামের বাসিন্দা একদশ শ্রেণির ছাত্র শুভ্রদীপের মোবাইলে মোমোর ছবি সহ একটি মেসেজ আসে।

তাকে গেমটি চালিয়ে যেতে বলা হয়। শুভ্রদীপ খেলতে অস্বীকার করলে তাকে মেসেজে বলা হয়, তার সব কিছু জানে সে না খেললে তাঁর মা, বাবাকে মেরে ফেলা হবে, ইত্যাদি ইত্যাদি। শুভ্রদ্বীপ বাবাকে বিষয়টি জানালে শুভ্রদ্বীপের বাবা ডায়মন্ডহারবার থানায় অভিযোগ দায়ের করেছেন। শুভ্রদীপের সমস্ত তথ্য মোবাইল থেকে হ্যাক করা হয়েছে। এই ঘটনায় দুই পরিবার আতঙ্কে রয়েছে।

# বহরমপুরে বাস উল্টে মৃত ১

**নিজস্ব সংবাদদাতা, বহরমপুর :** বেসরকারি বাস উল্টে মৃত্যু হল এক যুবতীর। আহত অন্তত ২০। মৃতের নাম নবনীতা সাহা রায় (২৬)। আহতদের মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে ভর্তি করা হয়েছে। বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টা নাগাদ দুর্ঘটনাটি ঘটে ৩৪ নম্বর জাতীয় সড়কে মেহেদিপুরে।

স্থানীয় ও বাসযাত্রীদের অভিযোগ, বাসটি বহরমপুরেরর দিক থেকে আসছিল। দ্রুত গতিতে চলায় নিয়ন্ত্রণ হারিয়ে বাসটি উল্টে যায়। নবনীতাদেবী বাসের তলায় চাপা পড়ে যান। প্রত্যক্ষদর্শীদের অভিযোগ সঠিক সময়ে নবনিতাদেবীকে উদ্ধাক করা হলে তিনি বেঁচে যেতে পারতেন। এক ব্যক্তির অভিযোগ, পুলিশ তৎপর হলেও সঠিক সময়ে ক্রেন পৌঁছলে নবনীতাদেবী বেঁচে যেতেন। কারণ, তখনও তিনি বেঁচে ছিলেন। স্থানীয় বাসিন্দারা উদ্ধার কাজে হাত লাগিয়ে আহতদের উদ্ধার করে হাসপাতালে পাঠানোর ব্যবস্থা করেন।